সমকাল

তারিখ ... 26 JUL 2013 ...
পৃ: ৩ কলাম ৬

# জবি ক্যাম্পাস দখল নিতে মরিয়া ছাত্রদল-শিবির

■ জবি প্রতিবেদক

জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) ক্যাম্পাস নিজেদের দখলে নিতে মরিয়া ছাত্রদল ও ছাত্রশিবিরের নেতাকর্মীরা। নিজেদের আধিপত্য ফিরে পেতে ইতিমধ্যে ক্যাম্পাসে, ছাত্রদলের নেতাকর্মীদের সরব উপস্থিতি দেখা গেছে। অন্যদিকে পাঁচ বছর পর আবারও ক্যাম্পাসে ঢুকতে চেষ্টা চালাচ্ছে ছাত্রশিবির।

বিভিন্ন গোয়েন্দা সংস্থা থেকে প্রাপ্ত খবরে জানা গেছে, ইতিমধ্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রদলের নেতাকর্মীরা প্রতিদিনই খণ্ড খণ্ড গ্রুপে শোডাউন করছে। সংগঠনের সাবেক ও বর্তমান নেতারাও ক্যাম্পাসে এবং এর আশপাশের হোটেল-রেস্টুরেন্টে মিটিং করছে।

জানা গেছে, ছাত্রদল ২৫ অক্টোবরের পর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস তাদের দখলে নিতে পরিকল্পনা করেছে। আজকের পর কেন্দ্রীয় কমিটির নির্দেশ পাওয়ার সঙ্গে সঙ্গে তারা ক্যাম্পাস দখলে নেবে। জানা গেছে, এ ক্ষেত্রে ছাত্রলীগ বাধা দিলে তাদেরও মোকাবেলার প্রস্তুতি নিয়েছেন নেতাকর্মীরা। এদিকে ছাত্রশিবির পাঁচ বছর ধরে ক্যাম্পাসে কোনো ধরনের কার্যক্রম চালাতে পারেনি। ইতিমধ্যে তারা ক্যাম্পাসের আশপাশে বিভিন্ন ছাত্র হোস্টেলে অবস্থান নিয়েছে বলে জানা গেছে। যে কোনো দিন তারা ক্যাম্পাসে প্রবেশ করে ছাত্রলীগের ওপর হামলা চালাতে পারে। ছাত্রদল ও শিবির ক্যাম্পাসে প্রবেশ করলে এ তিনটি সংগঠনের নেতাকর্মীদের মধ্যে বড় ধরনের সংঘর্ষ হওয়ার আশঙ্কা রয়েছে। এ নিয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে আতঙ্ক বিরাজ করছে।

বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সভাপতি ফয়সাল আহমেদ সজল সমকালকে বলেন, আমরা এর আগেও ক্যাম্পাসে প্রবেশ করেছি। ২৫ অক্টোবরের পরিস্থিতি বিবেচনা করেই আমরা সিদ্ধান্ত নেব কী করব।

বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাধারণ সম্পাদক এসএম সিরাজুল ইসলাম বলেন, ক্যাম্পাসে একজন ছাত্রলীগ কর্মী থাকা অবস্থায় শিবির সেখানে প্রবেশ করতে পারবে না।

জানতে চাইলে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. অশোক কুমার সাহা সমকালকে বলেন, ছাত্রদলের কর্মীরা তো প্রায়ই ক্যাম্পাসে আসে; কিন্তু শিবিরের বিষয়ে আমি অবহিত নই। তবে যাতে কোনো ধরনের সহিংসতা না হয় সেভাবে আমরা প্রস্তুত রয়েছি।